দৈনিক বাংলা

46

তারিখ 16 APR 1992
পৃষ্ঠা ২ কলাম ৩

# ক্যাম্পাসে ছাত্র লীগ (শা-অ) দুই গ্রুপের সংঘর্ষ ঃ তিনজন ছুরিকাহত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ছাত্র লীগের (শা-অ) অন্তর্দন্দ্বে বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে তিনজন ছাত্র ছুরিকাহত হয়েছে। এদের মধ্যে একজনের পায়ের শিরা কেটে দেয়া হয়েছে। তার অবস্থা গুরুতর।

আহত তিনজনই ছাত্রলীগ (শা-অ) কর্মী। এরা হচ্ছে সলিমুল্লাহ হলের আবাসিক ছাত্র শামীম আহমদ, ইসলামের ইতিহাসের ছাত্র হাফিজ এবং জহরুল হক হল ছাত্র সংসদের সাহিত্য সম্পাদক সাদাত।

শামীমের বাম পায়ের শিরা কেটে দেয়া হয় এবং মুখে ও শরীরের অন্যান্য অংশেও ছুরিকাঘাত করা হয়। তার অবস্থা আশংকাজনক। শামীম ও হাফিজ ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। তাদের দু'জনকেই পুলিশ প্রহরায় রাখা হয়েছে। তবে তাদের গ্রেপ্তার করা হয়েছে কিনা তা জানা যায়নি। অপর আহত ছাত্রলীগ (শা-অ) কর্মী সাদাত একটি ক্লিনিকে চিকিৎসাধীন রয়েছে বলে সংগঠন সূত্রে জানা গেছে।

সলিমুল্লাহ হলে ছাত্রলীগের (শা-অ) "বরিশাল গ্রুপ" ও "গোপালগঞ্জ" গ্রুপের কলহে এই তিনজন ছুরিকাহত হয় বলে ক্যাম্পাস সূত্র জানায়। মঙ্গলবার রাতে হলের একটি সীটের দখলকে কেন্দ্র করে দুই গ্রুপের সমর্থকদের মধ্যে হাতাহাতি হয়। এক পর্যায়ে দুই পক্ষই পরস্পরকে অস্ত্র প্রদর্শন করে।

বুধবার ছাত্রলীগের বিশ্ববিদ্যালয় শাখার নেতৃবৃন্দ দুই গ্রুপের মধ্যে আপোস মীমাংসার জন্য সলিমুল্লাহ হলে আসেন। কিন্তু তাদের উপস্থিতিতেই মারামারি শুরু হয় এবং তিনজনকে ছুরিকাঘাত করা হয়। এ সময় ছাত্রলীগের নেতৃবৃন্দকে দৌড়ে পালিয়ে যেতে দেখা যায় বলে প্রত্যক্ষদর্শীরা জানান।